

২০১৮

বাংলা – সাম্মানিক

প্রথম সেমিস্টার

পেপার : CC-1

পূর্ণমান : ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা ভাষার আদিম সাহিত্যিক নিদর্শন চর্যাপদে সমকালীন বঙ্গদেশের সমাজজীবনের যে-ছবি প্রকাশিত হয়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০
- অথবা
- (খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কোনোভাবেই চৈতন্যোত্তর যুগের রচনা নয়, তা কাব্যটির কাহিনি ও ভাব বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০
- ২। (ক) মহাভারতের বাংলা অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো। ১০
- অথবা
- (খ) চৈতন্য-চরিত কাব্য হিসেবে ‘শ্রীশ্রীচৈতন্যভাগবত’-এর ঐতিহাসিক গুরুত্ব নির্ধারণ করো। ১০
- ৩। (ক) মনসামঙ্গল কাব্যের চৈতন্য-পূর্ববর্তীকালের যে-কোনো দুজন কবির কাব্যকৃতির সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫+৫
- অথবা
- (খ) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেনের জীবন ও কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
- ৪। (ক) বাংলা সাহিত্যের যুগবিভাজনের প্রধান প্রধান প্রবণতাগুলি উল্লেখ করো। ৫
- অথবা
- (খ) চর্যাপদের সাহিত্যমূল্য কতখানি — সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) মিথিলার কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্ত করার কারণ কী? ৫
- অথবা
- (খ) কৃষ্ণিবাসের আবির্ভাবকাল নিয়ে বিশেষজ্ঞদের মতামতের সারমর্ম লেখো। ৫
- ৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের পিছনে সম্ভাব্য কারণগুলি চিহ্নিত করো। ৫
- অথবা
- (খ) শাহ মুহম্মদ সগীরকে বাংলা প্রণয়োপাখ্যানের প্রথম কবি বলার যৌক্তিকতা সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

- ৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো। ৫×১
- (ক) চণ্ডীদাস-সমস্যা, (খ) শ্রীকৃষ্ণবিজয়, (গ) সতীময়না বা লোরচন্দ্রাণী
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) বাংলা সাহিত্যের ইতিহাস চর্চা নিয়ে প্রথম পূর্ণাঙ্গ গ্রন্থের লেখক ও গ্রন্থনাম লেখো। ১/২+১/২
- (খ) হরপ্রসাদ আবিষ্কৃত চর্যাপদের পুথিটি কত খ্রিস্টাব্দে কোথা থেকে প্রকাশিত হয়েছিল? ১/২+১/২
- (গ) চর্যাপদের তিব্বতী অনুবাদের উদ্ধার ও বঙ্গানুবাদ কে করেন? ১
- (ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথি কে, কত খ্রিস্টাব্দে আবিষ্কার করেছিলেন? ১/২+১/২
- (ঙ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির শেষ খণ্ডটির নাম কী? ১
- (চ) কৃত্তিবাস অনূদিত রামায়ণ গ্রন্থটির নাম কী? ১
- (ছ) কোন্ বৈষ্ণব কবিকে 'অভিনব বিদ্যাপতি' বলা হয়? ১
- (জ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যটির তিনটি খণ্ডের নামোল্লেখ করো। ১
- (ঝ) 'শ্রীশ্রীচৈতন্যভাগবত'-এর কবি প্রদত্ত নাম কী ছিল? ১
- (ঞ) বিজয় গুপ্ত রচিত 'মনসামঙ্গল' কাব্যটির নাম লেখো। ১
- (ট) কোন্ কাব্যকে রাঢ়ের জাতীয় কাব্য বলা হয়? ১
- (ঠ) চণ্ডীমঙ্গল কাব্যের কয়টি খণ্ড? শেষ খণ্ডটি কী নামে পরিচিত? ১/২+১/২
- (ড) রায়গুণাকর ভারতচন্দ্রের মৃত্যু সাল উল্লেখ করো। ১/২+১/২
- (ঢ) আলাওলের 'পদ্মাবতী পাঞ্চালী' তথা 'পদ্মাবতী' কাব্যটি কার কোন্ কাব্যের অনুকরণে লেখা? ১/২+১/২
- (ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন্ রাজসভার সঙ্গে যুক্ত ছিলেন? ১